# ২০২৫

## বাংলা — সাম্মানিক

### চতুর্থ সেমেস্টার

### পত্র : DSCC-6

### (বাংলা গোয়েন্দা সাহিত্য, কল্পবিজ্ঞান আশ্রয়ী রচনা এবং অলৌকিক কাহিনি)

### পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) " 'শজারুর কাঁটা' রহস্যকাহিনি হিসেবে বিশেষ জনপ্রিয় হলেও, প্রেমকাহিনি হিসেবেও যথেষ্ট উপভোগ্য।"— মন্তব্যটির সার্থকতা বিচার করো। ১৫

*অথবা*

(খ) 'শজারুর কাঁটা' উপন্যাসটিতে ব্যোমকেশ বক্সীর ভূমিকাটি পর্যালোচনা করো। ১৫

২। (ক) তোমার পাঠ্যগল্পগুলি অবলম্বন করে প্রফেসর শঙ্কু চরিত্রের বৈশিষ্ট্যগুলি পরিস্ফুট করো। ১৫

*অথবা*

(খ) প্রফেসর শঙ্কুর গল্পগুলি কল্পবিজ্ঞান হিসেবে কতখানি সার্থক হয়েছে তা তোমার পাঠ্য যে-কোনো দুইটি গল্প অবলম্বনে আলোচনা করো। ১৫

৩। (ক) " 'সব ভুতুড়ে' গল্পগ্রন্থের ভূতেদের মধ্যে রয়েছে মানবিক আবেদন, তারা তথাকথিত বীভৎস চেহারা নিয়ে হাজির হয় না।"— আলোচনা করো। ১৫

*অথবা*

(খ) 'অহিদিদির বন্ধুরা' ও 'বাপের ভিটে' গল্প দুইটি অবলম্বনে স্নেহপরায়ণ বাঙালি মহিলা চরিত্র নির্মাণে লীলা মজুমদার যে দক্ষতা প্রকাশ করেছেন সে সম্পর্কে আলোচনা করো। ১৫

৪। (ক) 'শজারুর কাঁটা' উপন্যাসে দীপা ও দেবাশিসের বিবাহ কীভাবে সংঘটিত হয়েছিল আলোচনা করো। ৫

*অথবা*

(খ) 'শজারুর কাঁটা' উপন্যাসে উপক্রম ও অনুক্রম অংশের ভূমিকা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

৫। (ক) 'ব্যোমযাত্রীর ডায়রি' গল্প অবলম্বনে মঙ্গলগ্রহের প্রাণীদের চেহারার বর্ণনা দাও। ৫

*অথবা*

(খ) 'শঙ্কু ও আদিম মানুষ' গল্পে যে আদিম মানুষের কথা আছে তার পরিচয় দাও। ৫

৬। (ক) অহিদিদির বন্ধুদের পরিচয় দাও। ৫

*অথবা*

(খ) 'পেনেটি' গল্পে তিনটি চরিত্র কেন অজ্ঞান হয়ে গিয়েছিল? ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) "দেবাশিস প্রায়ই সেখানে যায়।"—দেবাশিস প্রায়ই কোথায় যায়?

(খ) শজারুর কাঁটার আঘাতে মৃত তৃতীয় ব্যক্তির নাম কী?

(গ) 'শজারুর কাঁটা' উপন্যাসে দীপাকে তার ঠাকুরদা কী নামে ডাকতেন?

(ঘ) দেবাশিসের কীসের ব্যবসা ছিল?

(ঙ) ব্যোমকেশের সহকারীর নাম কী?

(চ) প্রফেসর শঙ্কুর পোষা বিড়ালটির নাম কী?

(ছ) প্রহ্লাদ কে?

(জ) শঙ্কুর তৈরি অ্যানাইহিলিং ট্যাবলেটে কত রকমের অসুখ সারে?

(ঝ) ম্যাকাওটির আদি বাসস্থান কোথায় ছিল?

(ঞ) মঙ্গলগ্রহের জল কীরকম ছিল?

(ট) 'সব ভুতুড়ে' গ্রন্থে লেখকের বড়মামা কোথায় বাড়ি কিনেছিলেন?

(ঠ) 'সব ভুতুড়ে' গ্রন্থে লেখকের পূর্বপুরুষের বাড়ি কোথায় ছিল?

(ড) লীলা মজুমদারের জন্ম ও মৃত্যু-সাল উল্লেখ করো।

(ঢ) লক্ষ্মী কাকে মাখন আর জ্যাম খাইয়েছিল?

(ণ) ভুতেদের সৌন্দর্য প্রতিযোগিতায় কে বিচারক হয়েছিলেন?

---